JAN 2001

পৃষ্ঠা ৩ কলাম ৩

# শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের ৬ দফা দাবী আদায়ে স্মারকলিপি পেশ

স্টাফ রিপোর্টার ঃ শিক্ষামন্ত্রীর সাথে শিক্ষক নেতৃবৃন্দের ২০০০ সালের ২৪ আগস্ট স্বাক্ষরিত চুক্তির অমানবিক ধারা বাতিল এবং শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের ৬ দফা দাবী আদায়ে শিক্ষক-কর্মচারী ঐক্যজোট গতকাল (রবিবার) তাদের পূর্ব ঘোষিত কর্মসূচী অনুযায়ী জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি পেশ করেছে। রাজধানীতে জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি পেশ করার পূর্বে ঐক্যজোট ঢাকা মহানগর শাখার উদ্যোগে বাহাদুর শাহ পার্কে সংক্ষিপ্ত শিক্ষক সভা অনুষ্ঠিত হয়। ঐক্যজোট মহানগর শাখার আহ্বায়ক জনাব ইসহাক হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভা শেষে শিক্ষক-শিক্ষিকাগণ একটি মিছিল নিয়ে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে গেলে পুলিশ মিছিলের গতিরোধ করে। এ সময় মোহাম্মদ সেলিম ভূইয়ার নেতৃত্বে একটি শিক্ষক প্রতিনিধি দল ঢাকা জেলা প্রশাসকের নিকট গিয়ে একটি স্মারকলিপি প্রদান করে। স্মারকলিপি প্রদানের পূর্বে অনুষ্ঠিত সভায় শিক্ষক নেতৃবৃন্দ বলেন, গতবছর শিক্ষক-কর্মচারীদের অবিরাম আন্দোলন চলাকালে শিক্ষামন্ত্রী শিক্ষক নেতৃবৃন্দকে ডেকে দুই দিন বৈঠক করে অমানবিক ধারা সম্বলিত একটি চুক্তি স্বাক্ষর করে। উক্ত চুক্তি অনুযায়ী বকেয়াসহ শিক্ষকদের তাদের বেতনের অংশের শতকরা ৮০ ভাগ ৯০ ভাগে উন্নীত করার কথা। কিন্তু শিক্ষা মন্ত্রণালয় শিক্ষকের বেতন বৃদ্ধিসহ শিক্ষক স্বার্থ সংক্রান্ত ধারাসমূহের একটিও কার্যকর করেনি। কিন্তু শিক্ষা মন্ত্রণালয় শিক্ষকের স্বার্থবিরোধী ধারাসমূহ ইতোমধ্যেই কার্যকর করতে ভুল করেনি। বক্তাগণ বলেন, ৯ দফা চুক্তির অমানবিক ৯নং ধারা কার্যকর করার কারণে ৩০ হাজার শিক্ষক ইতোমধ্যেই এমপিওভুক্ত হওয়া থেকে বঞ্চিত হয়েছেন। বক্তারা বলেন, ৯নং ধারা কার্যকর হওয়ায় এবং শিক্ষানীতি চালু হলে তৃতীয় বিভাগপ্রাপ্ত প্রায় ১ লাখ শিক্ষক চাকরিচ্যুত হবেন।